ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪০১
আগরতলা, ২৫ অক্টোবর, ২০২৫

**টিবি রোগীদের মধ্যে ফুড বাস্কেট বিতরণ কর্মসূচিতে রাজ্যপাল**




ত্রিপুরাকে টিবিমুক্ত করতে সমাজের সকল অংশের মানুষের সহযোগিতা দরকার। আজ সন্ধ্যায় আগরতলার সুকান্ত অডিটোরিয়ামে প্রধানমন্ত্রী টিবি মুক্ত ভারত-নিক্ষয় মিত্র অভিযানের অঙ্গ হিসেবে টিবি রোগীদের মধ্যে ফুড বাস্কেট বিতরণ কর্মসূচির উদ্বোধন করে একথা বলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। অনুষ্ঠানটির আয়োজন করে আগরতলা রোটারি ক্লাব এবং ন্যাশনাল হেলথ মিশন। আর্থিক সহায়তায় ছিল এনটিপিসি এবং নিপকো।

অনুষ্ঠানে রাজ্যপাল আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারতে টিবি নির্মূলীকরণে বিশেষ গুরুত্ব দিয়েছেন। তাই দরকার দেশব্যাপী বিশেষ অভিযান। ত্রিপুরা সরকারও এই লক্ষ্য পূরণে অঙ্গীকারবদ্ধ। অনুষ্ঠানে রাজ্যপাল ২০০ জন টিবি রোগী পরিবারের হাতে ফুড বাস্কেট তুলে দেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আগরতলা রোটারি ক্লাবের প্রেসিডেন্ট কিশলয় ঘোষ। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, নিপকোর হেড অব পাওয়ার সাপ্লাই জিতেন্দ্রলাল দাস, এনএইচএম'র মেম্বার সেক্রেটারি ডা. নুপুর দেববর্মা এবং স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. তপন মজুমদার।

*******